

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৮৫

৫/ হাজ (হজ/হজ) (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৫২. 'রমল' করার পদ্ধতি

بَابٌ فِي الرَّمَلِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، حَدَّثَنَا أَبُو عَاصِمِ الْغَنَوِيُّ، عَنْ أَبِي الطُّفَيْلِ، قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ: يَزْعُمُ قَوْمُكَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدْ رَمَلَ بِالْبَيْتِ وَأَنَّ ذَلِكَ سُنَّةٌ، قَالَ: صَدَقُوا وَكَذَبُوا، قُلْتُ: وَمَا صَدَقُوا، وَمَا كَذَبُوا، قَالَ: " صَدَقُوا، قَدْ رَمَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكَذَبُوا، لَيْسَ بِسُنَّةٍ إِنَّ قُرَيْشًا قَالَتْ رَمَنَ الْحُدَيْبِيةِ دَعُوا مُحَمَّدًا وَأَصْحَابُهُ حَتَّى يَمُوتُوا مَوْتَ النَّغَفِ فَلَمَّا صَالَحُوهُ عَلَى أَنْ رَمِن الْحُدَيْبِيةِ دَعُوا مُحَمَّدًا وَأَصْحَابُهُ حَتَّى يَمُوتُوا مَوْتَ النَّغَفِ فَلَمَّا صَالَحُوهُ عَلَى أَنْ يَجِينُوا مِنَ الْعُلَمِ الْمُقْبِلِ، فَيُقِيمُوا بِمَكَّةَ ثَلَاثَةً أَيَّامٍ، فَقَدَمَ رَسُولُ اللهُ عَلَيْهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُسُرِكُونَ مِنْ قِبَلِ قُعَقِعَانَ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُسُرِكُونَ مِنْ قِبَلِ قُعَلِقِعَانَ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُرُوةِ عَلَى بَعِيرِهِ وَأَنَّ ذَلِكَ سُنَّةً، فَقَالَ: صَدَقُوا وَكَذَبُوا، قُلْتُهُ وَسُلَّمَ طَافَ بَيْنَ الصَّقَا وَالْمَرْوَةِ عَلَى بَعِيرِهِ وَأَنَّ ذَلِكَ سُنَّةٌ، فَقَالَ: صَدَقُوا وَكَذَبُوا، قُلْتُ وَلَاللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَالًاهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَالَى مَعْولِ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا يُصَعْفُوا وَكَذَبُوا لَيْسَ بِسُنَّةٍ، كَانَ النَّاسُ لَا يُدفَعُونَ عَنْ رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَا يُحَرِيهُمْ وَسُلَّمَ وَلَالْتَ عَلَى بَعِيرِ لِيَسْمَعُوا كَلَامَهُ وَلِيرَوا مَكَانَةُ وَلَا لَنَالُهُ أَيْدِيهِمْ

صحيح

বাংলা

১৮৮৫। আবুত তুফাইল (রহ.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু 'আব্বাস (রাযি.)-কে বললাম, আপনার সম্প্রদায়ের ধারণা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বায়তুল্লাহ তাওয়াফের সময় দ্রুতপদে হেটেছেন এবং এরূপ করা সুন্নাত। তিনি বললেন, তারা সত্য বলেছে এবং মিথ্যাও বলেছে। আমি বললাম, তারা কি সত্য বলেছে



এবং কি মিথ্যা বলেছে? তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'রমল' করেছেন, একথা সত্য কিন্তু একে সুন্নাত বলা মিথ্যা। হুদায়বিয়ার সময় কুরাইশগণ মুসলিমদেরকে তিরস্কারস্বরূপ বলেছিল যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাথীদের এভাবেই থাকতে দাও। এমন কি তারা উট ও বকরীর মতো মৃত্যু বরণ করে নিঃশেষ হবে।

অতঃপর তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সন্ধি চুক্তি করলো, মুসলিমরা আগামী বছর এসে মক্কায় তিন দিন অবস্থান করবে। সুতরাং পরবর্তী বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আসলেন। মুশরিকরা 'কুয়াইকিয়ান পাহাড়ের পাদদেশে সমবেত হলো (মুসলিমদের অবস্থান লক্ষ্য করতে)। এসময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাহাবীদের নির্দেশ দিলেন যে, তাওয়াফের মধ্যে তিনবার রমল করো। সুতরাং তারা তাই করলেন। এরূপ করা মূলতঃ সুন্ধাত নয়।

আমি আবার বললাম, আপনার সম্প্রদায়ের ধারণা, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উটে চড়েই সাফা-মারওয়ার মাঝে তাওয়াফ (সাঈ) করেছেন, আর এরূপ নাকি সুন্নাত। তিনি বললেন, তারা সত্যও বলেছে এবং মিথ্যাও বলেছে। আমি বললাম, তারা কি সত্য বলেছে এবং কি মিথ্যা বলেছে? তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর উটে সাওয়ারী হয়ে সাফা-মারওয়ার মাঝে তাওয়াফ (সাঈ) করেছেন তাদের একথা সত্য। কিন্তু এটাকে সুন্নাত বলা মিথ্যা।

প্রকৃত ব্যাপার হলো, তখন লোকদের অবস্থা এরূপ ছিলো যে, তাদেরকে রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছ থেকে সরানো যেতো না এবং তিনিও তাদের থেকে বিচ্ছিন্ন থাকতে পারতেন না। সুতরাং তিনি উটে আরোহী অবস্থায় তাওয়াফ (সাঈ) করেছেন, যাতে প্রতিটি লোক তাঁর কথা শুনতে পায়, তাঁকে সরাসরি দেখতে পায় এবং তাদের হাত তাঁর শরীরে না লাগে।[1]

সহীহ।

English

Abu Al Tufail said I said to Ibn 'Abbas Your people think that the Apostle of Allaah() walked proudly with swift strides while going round the Ka'bah and that it is sunnah (practice of the Prophet). He said "They spoke the truth (in part) and told a lie (in part)." I asked "What truth did they speak and what lie did they tell?" He said "They spoke the truth that the Apostle of Allaah() walked proudly while going round the Ka'bah but they told a lie, this is no sunnah. The Quraish asserted during the days of Al Hudaibiyyah "Forsake Muhammad and his Companions till they die the death of a Camel which dies of bacteria in its nose. When they concluded a treaty with him agreeing upon the fact that they (the Prophet and his Companions) would come (to Makkah) next year and stay at Makkah three days, the Apostle of



Allaah() said to the Companions "Walk proudly (moving shoulders) while going round the Ka'bah in first three circuits. (Ibn 'Abbas said) But this is not sunnah. I said "Your people think that the Apostle of Allaah() ran between Al Safa and Al Marwah on a Camel and that is sunnah." He said "They spoke the truth (in part) and told a lie (in part). I asked "What truth did they speak and what lie did they tell? He said "they spoke the truth that the Apostle of Allaah() ran between Al Safa and Al Marwah on a Camel. They told a lie that it is a sunnah. As the people did not move from around the Apostle of Allaah() and did not separate themselves from him he did the sa'i on a Camel so that they may listen to him and see his position and their hands might not reach him.

ফুটনোট

[1]. মুসলিম, আহমাদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবুত্ব তুফায়ল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন